(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd

নম্বর- ০৫.০০.০০০০.০০০.২০৩.২৫.০০৩.২৫- ১২৫

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

বিষয় : অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত **'Policy Analysis'** শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) প্রশিক্ষণার্থী মনোনয়ন।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে 'Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP)' প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৬ হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে অনুষ্ঠিত হবে। বর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষনার্থী মনোনয়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, দপ্তর এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণের তথ্য সংযুক্ত আবেদন ফরম পূরণপূর্বক আগামী ১৯.০৮.২০২৬ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি/ডি-নথিতে/ই-মেইলে (it3@mopa.gov.bd) নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

২। অনুষ্টিতব্য কোর্সটির মৌলিক তথ্যাদি নিম্নরুপঃ

| | |
|---|---|
| (ক) | উক্ত প্রশিক্ষণ কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়সসীমা ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন; |
| (খ) | প্রশিক্ষণ কোর্সটি মোট ১০ সপ্তাহব্যাপী পরিচালিত হবে। এর মধ্যে ১ম ৬ সপ্তাহে শ্রেণীকক্ষে নীতি বিশ্লেষণের বিভিন্ন দিক সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে ধারণা দেওয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহে প্রত্যেক প্রশিক্ষণার্থী Policy বিষয়ক একটি প্রতিবেদন প্রস্তুত করবেন। ১০ম সপ্তাহে প্রশিক্ষণার্থীবৃন্দ প্রস্তুতকৃত চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন করবেন। এই প্রতিবেদনটির গুণগত মান, প্রতিটি Module-এ ব্যক্তিগত/ সমষ্টিগত এসাইনমেন্ট ও ক্লাস/ সেমিনারে অংশগ্রহণের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাকে মূল্যায়ন করা হবে; |
| (গ) | প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষস্থান অধিকারী ৬-৮ জন ( ৪ অনুপাত ১ হারে ) কর্মকর্তাকে ০২( দুই) সপ্তাহের জন্য বিদেশে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে; |
| (ঘ) | 'Policy Analysis' কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM-এ অনুষ্ঠিত 'Strategic Management', 'Rise to Lead : Developing Future Leaders' এবং 'Sustainable Future : Environment Challenge and Climate Change' কোর্সের মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারী সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন; |
| (ঙ) | প্রশিক্ষণ কোর্সে ক্লাস সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ হতে বিকাল ০৫:০০টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে; |
| (চ) | প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৬০০ (ছয়শত) টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ভাতা প্রদান করা হবে; |
| (ছ) | প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ১০ (দশ) সপ্তাহ। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন; |

৩। উল্লেখ্য যে, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(আল-বশিরুল ইসলাম)
সিনিয়রসহকারী সচিব
ফোন: ২২২৬৬৪১১৩১
ইমেইল: it3@mopa.gov.bd

বিতরণ : জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যাথে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২. সিনিয়র সচিব/সচিব (সকল)............................... মন্ত্রণালয়/বিভাগ।

৩. বিভাগীয় কমিশনার (সকল).............................।

৪. জেলা প্রশাসক (সকল).............................।

৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭. সহকারী সচিব, সিপিটি অনুবিভাগ [অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৮. ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় [যুগ্মসচিব (অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা) মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং

৯. অফিস কপি/মাষ্টার কপি।

আবেদন ফরম

বরাবর

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: **'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) মনোনয়নের আবেদন।**

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ৬ষ্ঠ ব্যাচে (সামগ্রিকভাবে ২৫তম ব্যাচ) অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম :

| | | | |
|---|---|---|---|
| ০১। | নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | : | |
| ০২। | জন্ম তারিখ | : | |
| ০৩। | বয়স (৩১.০৮.২০২৬) | : | |
| ০৪। | চাকরিতে যোগদানের তারিখ | : | |
| ০৫। | ক্যাডারের নাম ও ব্যাচ | : | |
| ০৬। | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ | : | |
| ০৭। | BIGM-এ অনুষ্ঠিত 'Strategic Management', 'Rise to Lead: Developing Future Leaders' এবং 'Sustainable Future: Environment Challenge and Climate Change' অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণ করেছেন কিনা? অংশগ্রহণ করলে কোর্সের নাম ও ব্যাচ | : | |
| ০৮। | মোবাইল নম্বর | : | |
| ০৯। | ইমেইল নম্বর | : | |

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর